দৈনিক ইনকিলাব

44

তাং AUG 09 1999
পৃঃ ৫ কলাম ৪

# ২০০১ সালের মধ্যে কুমিল্লা জেলাকে নিরক্ষরমুক্ত করার ব্যাপক কর্মসূচী

কুমিল্লা জেলা সংবাদদাতা ঃ সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচী (টিএলএম)-এর মাধ্যমে ২০০১ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে কুমিল্লা জেলাকে নিরক্ষরমুক্ত করার সরকারী পদক্ষেপ নেয়া হয়েছে।

এ প্রেক্ষিতে কুমিল্লা জেলা প্রশাসক চৌধুরী গোলাম মওলার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় টিএলএম কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যেই নিরক্ষরদের জরিপ কাজ সম্পন্ন হয়েছে। জরিপে কুমিল্লা জেলায় প্রায় সাড়ে ৭ লাখ লোক নিরক্ষর বলে জানা গেছে।

কুমিল্লার এডিসি (শিক্ষা ও উন্নয়ন) মোঃ ইউনুসুর রহমান সভায় জানান, কুমিল্লা জেলায় টিএলএম কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে ১২টি থানায় একটি করে এবং ৪টি পৌরসভায় সর্বমোট ১৬টি পাইলট প্রকল্পের আওতাধীন ১৭০টি কেন্দ্রে শিক্ষাদান কর্মসূচী চালু করা হয়েছে। পাইলট প্রকল্পে থানার কার্যক্রমের জন্য প্রয়োজনীয় অর্থ থানা পরিষদ থেকে এবং পৌরসভার কার্যক্রমের জন্য পৌরসভার তহবিল থেকে সংস্থান করা হচ্ছে। কিন্তু জেলার কার্যক্রমের অর্থ সংস্থানের কোন উৎস নেই বলে তিনি সভাকে অবহিত করেন।

সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি থানা হতে জেলার পাইলট প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য ২ হাজার টাকা করে এবং জেলা পরিষদের তহবিল থেকে ১০ হাজার টাকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট টিএনও এবং জেলা পরিষদের সচিবকে অনুরোধ করা হয়।